

13

কৃষি বিশ্ববিদ্যালয়ে দুর্নীতি তদন্তে কমিটি গঠন

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ৩রা ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য, কৃষি শক্তি ও যন্ত্র বিভাগের অধ্যাপক ডঃ শাহ মোঃ ফারুকের আমলে বিশ্ববিদ্যালয়ে নির্মাণকাজে অনিয়ম, বিভিন্ন পদে নিয়োগে স্বজনপ্রীতিসহ অন্যান্য দুর্নীতি তদন্ত ও ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট।

সংশ্লিষ্ট সূত্র জানাচ্ছেন, গত ৮ই জানুয়ারি অনুষ্ঠিত সিন্ডিকেটের ২২৯ তম সভায় দুর্নীতি, অনিয়ম তদন্তে কৃষি পরিসংখ্যান বিভাগের অধ্যাপক মোঃ জয়নাল আবেদীন খানকে চেয়ারম্যান ও সিনিয়র সহকারী রেজিস্ট্রার আবুল খায়েরকে সচিব করে পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সুপারিশ করা হয়েছে সভার

৩২নং সিদ্ধান্তে। কমিটির অন্য সদস্যবৃন্দ হচ্ছেন সাধারণ পশু বিজ্ঞান বিভাগে অধ্যাপক ডঃ এম সাদুল্লাহ, কৃষি অর্থনীতি বিভাগের অধ্যাপক শাহ নজরুল ইসলাম চৌধুরী এবং সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ডঃ মোঃ রফিকুল হক। ১৯৯৬-এর সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে 'সংবাদ'-এ 'দুর্নীতি অনিয়ম : কৃষি বিশ্ববিদ্যালয়' শিরোনামে একটি সিরিজ প্রতিবেদন ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।